

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 15-04-2025

Time: 07:55-08:05 PM Hrs

BENGALI EVENING BULLETIN

Headlines :

(১) আজ বাংলা নববর্ষ, ১৪৩২ বঙ্গাব্দের প্রথম দিন। নতুন বছরকে বরণ করে নিতে সারা রাজ্য উৎসব মুখৰিত হয়ে উঠেছে।

(২) কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, মুসলিম জনগনের অধিকার স্বনিশ্চিত করতে এবং ন্যায়বিচার দিতে ওয়াকফ সংশোধনী আইন প্রনয়ন করা হয়েছে।

(৩) সৌর শক্তির মাধ্যমে ছাদে বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পেতে চলেছে, যা আগামী অর্থ বছরের মধ্যে আনুমানিক ২৫ থেকে ৩০ গিগাওয়াটে পৌঁছবো।

(৪) ভারতীয় আবহাওয়া দণ্ড জানিয়েছে, চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণ-পশ্চিম মৌসুমী বৃষ্টিপাত স্বাভাবিকের চেয়ে বেশি হওয়ার সন্দাবনা রয়েছে।

Bengali News Year:

আজ বাংলা নববর্ষ, ১৪৩২ বঙ্গাব্দের শুরু। পঞ্জলা বৈশাখ ঘিরে রাজ্যবাসীর ঘরে ঘরে পার্বনের পালা। রীতি মেনে বছরের প্রথম দিনে শুরু হয়েছে মঙ্গল কামনায় পুজো। রাজধানীর লক্ষ্মীনারায়ন মন্দির সহ বিভিন্ন মন্দিরে সকাল থেকে ভক্তসমাগম লক্ষ্য করা গেছে। ব্যবসায়ীরা এদিন নতুন হালখাতা সূচনা করতে ভীড় জমিয়েছেন মন্দির গুলিতে। পাশাপাশি ব্যবসার শ্রীবৃদ্ধি কামনায় থাতা

পুজোর জন্যও দর্শনার্থীদের ভিড়। পরিবারের মঙ্গল কামনায় পুজো দেন অনেকেই। তাছাড়া, পয়লা বৈশাখ উপলক্ষে আগরতলায় লক্ষ্মী নারায়ণ মন্দিরের সামনে মেলা বসেছে নিতুন বছরকে বরণ করে নিতে অনেক সংস্থা আয়োজন করে বর্ষবরণ উৎসবের।

Kabylak CM:

সাংস্কৃতিক প্রতিষ্ঠান কাব্যলোক আয়োজিত বর্ষ বিদায় ও বর্ষবরণ দুদিনের অনুষ্ঠান আগরতলার তুলসীবতী বালিকা বিদ্যালয় প্রাঙ্গনে আজ শেষ হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন। তিনি কাব্যলোকের এই উদ্যোগের প্রশংসা করেন। উপস্থিত রয়েছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নাট্য ব্যক্তিগত গোতম হালদার।

Bengali New Year-Unakoti:

১৪৩২ বঙ্গাব্দের প্রথম দিন নববর্ষ উপলক্ষে উনকোটি জেলা সদর কৈলাশহরেও উৎসাহ -উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে। বি ফিট এন্ড ফিট আদাৰ্স সংগঠনের উদ্যোগে আজ বর্ষবরণ উপলক্ষে এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিত্রক করে। কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমে আজ সন্ধিয়ায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

Bengali New Year -Sepahijala:

সিপাহীজলা জেলাতেও উৎসাহ উদ্দীপনার সাথে নববর্ষ উদযাপিত হচ্ছে। বিভিন্ন মন্দিরে পুজো দিয়ে বাংলা বছরের প্রথম দিনটি শুরু করেন বহু মানুষ। প্রার্থনা করেন হিংসা, ভেদাভেদ ভুলে সকলে মিলে ভালো থাকার। দেশ ও রাজ্যের

শান্তি, সম্প্রীতি, উন্নতি অঙ্গুল থাকার পাশাপাশি পারিবারিক ও ব্যক্তিগত জীবনের সমৃদ্ধি কামনা করা হয়।

CM Matabari:

নববর্ষের প্রথম দিনে মাতা ত্রিপুরাস্তুল্দী মন্দিরে সন্তুষ্টি পূজা দিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। তিনি মায়ের কাছে রাজ্যবাসীর সুখ-সমৃদ্ধি ও শান্তি কামনা করেন। তিনি ত্রিপুরাস্তুল্দী মন্দির প্রাঙ্গনে আজ বৃক্ষ রোপণ করেন।

Biplab Deb Matabari:

সাংসদ বিপ্লব কুমার দেব বাংলা নতুন বছরের প্রথম দিনে মাতা ত্রিপুরা স্তুল্দী মন্দিরে পূজা দেন। তিনি বাংলা নববর্ষে রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করেন।

New Year Greetings:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলা নববর্ষ তথা পয়লা বৈশাখ উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী সকলের সাফল্য, সুস্থাস্থ্য, সমৃদ্ধি এবং সুখের জন্য প্রার্থনা করেন।

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় উদয়পুরে জনগনের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। সঙ্গে ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, বিজেপি গোমাতি জেলার সভানেত্রী সবিতা নাগ, আর কে পুর মণ্ডল সভাপতি সানি সাহা এবং মহিলা মোর্চার মণ্ডল সভানেত্রী অমর সোম প্রমুখ।

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা বাংলা শুভ নববর্ষ উপলক্ষে
রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি সবার সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন।

Opposition leader's visit:

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ সাত্রাম মহকুমার বিভিন্ন এলাকায়
মানুষের বাড়ি বাড়ি গিয়ে নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন। এলাকার বিভিন্ন
সমস্যা সম্পর্কেও খবরাখবর নেন।

Inauguration:

কৈলাশহরের রামকৃষ্ণ মিশন বিদ্যাপীঠের নবনির্মিত স্কুল ভবনের আজ
আনুষ্ঠানিক দ্বারোদঘাটন করা হয়। কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের
সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ এই ভবনের উদ্বোধন করেন।

উল্লেখ্য যে, বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল থেকে বরাদ্দকৃত অর্থব্যয়ে ভবনটি
নির্মাণ করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ
সিংহ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপাসন চপলা রাণী দেবরায়, ভাইস-
চেয়ারম্যান নীতিশ দে প্রমুখ।

Kiren Rijiju:

কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, মুসলিম জনগনের
অধিকার সুনিশ্চিত করতে এবং ন্যায়বিচার দিতে ওয়াকফ সংশোধনী আইন
প্রনয়ন করা হয়েছে। আজ কেরলের কোচিতে এক সাংবাদিক সম্মেলনে শ্রী
রিজিজু একথা বলেন। এই সংশোধনী আইন সব অংশের মুসলিম জনগনের

অধিকার কিভাবে সুরক্ষিত থাকবে তা তিনি সাংবাদিক সম্মেলনে বিস্তারিত উল্লেখ করেন।

#####Byte Kiren Rijiju#####

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ. ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্ম-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগ্যাপ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

Rooftop solar energy:

পরিচ্ছন্ন শক্তির ক্ষেত্রে ভারতের উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। ছাদে সৌর শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পেতে চলেছে, যা আগামী অর্থ' বছরের মধ্যে আনুমানিক ২৫ থেকে ৩০ গিগাওয়াটে পৌঁছবো কেয়ার এজ রেটিং-এর প্রতিবেদন অনুসারে, ছাদের সৌর শক্তি আগামীদিনে দেশের বাণিজ্যিক ও শিল্প ক্ষেত্রের বৃদ্ধিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে। গত অর্থ' বছরের হিসাবে বর্তমানে মোট পুনর্বীকরণযোগ্য শক্তির ক্ষমতা ২২০ গিগাওয়াট ছুঁয়েছে এবং ২০৩০ সালের মধ্যে ৩০০ গিগাওয়াটে পৌঁছুবে।

Haz:

ভারতের হজ কোটা ২০১৪ সালের ১ লক্ষ ৩৬ হাজার থেকে বৃদ্ধি পেয়ে ২০২৫ সালে ১ লক্ষ ৭৫ হাজার হয়েছে। সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক বলেছে, তারা এই বছর মূল কোটার অধীনে ১ লক্ষ ২২ হাজারেরও বেশি তীর্থ্যাত্মীর জন্য ভারতের হজ কমিটির মাধ্যমে ব্যবস্থাপ্নে পরিচালনা করছে। মন্ত্রণালয় জানিয়েছে, সৌদি আরবের নির্দেশিকা অনুসারে ফ্লাইট, পরিবহন, মিনা ক্যাম্প, আবাসন ও সেবাসহ প্রয়োজনীয় সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।

WAVES Summit:

ওয়াল্ড' অডিও ভিড্যুল এন্টারটেইনমেন্ট সামিট (WAVES) বাজার বিশ্বব্যাপী বিনোদনের পেশাদার, ব্যবসা এবং নির্মাতাদের সাথে সংযোগ স্থাপনের জন্য ডিজাইন করা একটি আধুনিক অনলাইন মার্কেটপ্লেস হওয়ার

চেষ্টা করছে। আজ এক ইংরেজি দৈনিকে এই কথা লিখেছেন বলিউড অভিনেতা আমির খান। তিনি সরকারের প্রচেষ্টার প্রশংসা করেন।

CBI:

ডিজিটাল অ্যারেস্ট মামলায় জড়িত থাকার অভিযোগে সিবিআই চারজনকে গ্রেপ্তার করেছে। অপারেশন চক্র-ফাইভের অংশ হিসেবে মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, পশ্চিমবঙ্গ এবং রাজস্থান সহ চারটি রাজ্যের ১২টি স্থানে ব্যাপক অনুসন্ধান অভিযানের পর এদের গ্রেপ্তার করা হয়েছে।

IMD:

ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে, চলতি বছরের জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণ-পশ্চিম মৌসুমী বৃষ্টিপাত স্বাভাবিকের চেয়ে বেশি হওয়ার সন্দাবনা রয়েছে। আজ নতুন দিল্লিতে সাংবাদিক সম্মেলনে, ভূ-বিজ্ঞান মন্ত্রকের ড: এম রবিচন্দ্রন বলেন, উত্তর-পূর্ব, উত্তর-পশ্চিম এবং দক্ষিণ উপনিবেশের কিছু এলাকা ব্যতীত দেশের বেশিরভাগ অঞ্চলে স্বাভাবিক মৌসুমী বৃষ্টিপাতের খুব সন্দাবনা রয়েছে।

#####Byte Dr. M RaviChandan#####

সাংবাদিক সম্মেলনে ভারতীয় আবহাওয়া দপ্তরের মহানির্দেশক ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্রও আবহাওয়ার পূর্বাভাস নিয়ে বিস্তারিত বক্তব্য রাখেন।

Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.২ ডিগ্রি সেলসিয়াস।
